

এমপিওভুক্ত শিক্ষক কর্মচারীদের বেতন বোনাস ব্যাংকে গেছে

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের সেপ্টেম্বর মাসের বেতন এবং ঈদুল আজহার উৎসব ভাতার সরকারি অংশ সংশ্লিষ্ট ব্যাংকে পাঠিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর (মাউশি)। মাউশির সাধারণ প্রশাসন শাখার উপপরিচালক মো. শফিকুল ইসলাম সিদ্দিকী গতকাল এ তথ্য জানান। তিনি বলেন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরধীন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা বণ্টনকারী অগ্রণী ও রূপালী ব্যাংক, প্রধান কার্যালয়ে এবং জনতা ও সোনালী ব্যাংকের স্থানীয় কার্যালয়ে হস্তাক্রম করা হয়েছে। চলতি মাসের ১০ তারিখ পর্যন্ত শিক্ষক-কর্মচারীরা তাদের নিজ নিজ ব্যাংকের হিসাব নম্বরের মাধ্যমে বেতন-ভাতা তুলতে পারবেন।